

ঈশ্বরের ঘুম

মখদুম আজম মাসরাফী

ঈশ্বর বুঝি ঘুম থেকে জাগলেন।
এখন ওখানে দেখো, "ধর্মের কল নড়ছে বাতাসে",
বড়শীতে গাঁথা মাছকে বিধাতা,
কি রহস্যে দীর্ঘকাল খেলতে দিয়েছেন সে এক বিশ্বায়।
কিন্তু তা থেকে ছুটবার উপায় থাকে না কারো,
সে কথা কি মূর্খ বুঝেছে কখনও?

ধর্ম কি যাত্রা-পালা যে পরে নেবে নটের সজ্জা,
রাংতার মুকুট আর জরিময় আলখালণ্টা,
মেহেদী রাঙা মুখ-কেশরাশী।
আর বাচাল দীর্ঘ বয়ানের সুরগ্রামে গাঁথা
যাদুর শব্দমালা শুনিয়ে কি
কেউ পারে আলন্টার আরস কাঁপাতে?
ধোকার ধুমে কি কেউ ফিকে করে দিতে পারে
ধর্ম-প্রান বিশ্বাসী মুসলন্টার চোখ!

ঐ দেখ, কড়িকাঠে ওপরে ঝুলছে কত রজ্জু ফাঁসির।
বিধাতা ডাকছে ওরে কান পেতে ভাল করে শোন।
বুকের শব্দের মধ্যে অনুবাদ করে নিত সে রকম কষ্ট হবে না।

যখন ওপারে যাবে প্রান,
জাহান্নামে যেতে যেতে দেখবে ওপরে
জান্নাতের বাগিচায় আনন্দিত শহীদেরা হাসছে দাঁড়িয়ে
যাদের তোমরা একান্তরে নির্মম ভাবে হত্যা করেছিলে।

মেলবর্ন,
২৮ ফেব্রুয়ারী ২০১৩